

তারিখ ... 0.5 SEP 1983
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩

**শিবির কর্মীদের সঙ্গে
উপাচার্যের বৈঠক**
(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গত কয়েকদিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইসলামী ছাত্র শিবির কর্মীরা পরীক্ষা দিতে না পারায় উপাচার্য অধ্যাপক আব্দুল মান্নান দুঃখ প্রকাশ করেছেন এবং পরীক্ষার বিকল্প ব্যবস্থা নেয়া হচ্ছে বলে জানিয়েছেন।

শিবির সূত্রে জানা গেছে, গতকাল সোমবার উপাচার্যের সাথে অনুষ্ঠিত শিবিরের এক প্রতিনিধি দলের বৈঠকে উপাচার্য এ কথা বলেছেন। একই সূত্রে আরো জানা গেছে, উপাচার্য প্রতিনিধিদলকে জানিয়েছেন যে, (গেষ পৃ. ৬-এর ক. দেখুন)

উপাচার্যের বৈঠক
(১ম পাতার পর)

ক্যাম্পাসের সাংপ্রতিক ঘটনাবলী সম্পর্কে তিনি অবহিত আছেন এবং কত পক্ষ ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে চেষ্টা করছেন।

শিবিরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে অভিযোগ করা হয়েছে যে, গতকাল সোমবার ফিন্যান্স বিভাগের ছাত্রশিবিরকর্মী মফিজ উদ্দিন পরীক্ষা দেয়ার উদ্দেশ্যে বাসে করে নীলক্ষেতে পৌঁছলে ছাত্রদল কর্মীদের হুমকির মুখে তিনি পরীক্ষা না দেয়ার অঙ্গীকার করে রক্ষা পান।

১৫৭